গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার




# কৈশোরকালীন স্বাস্থ্য বিষয়ক ফ্ল্যাশকার্ড

আপনার স্বাস্থ্য আমাদের অঙ্গীকার
HPNSP
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

Directorate General of Family Planning

Kingdom of the Netherlands

unicef

# ফ্ল্যাশকার্ডের ব্যবহারবিধি

## ফ্ল্যাশকার্ডটি যারা ব্যবহার করবেন

স্বাস্থ্যকর্মী, কিশোর-কিশোরী ও যুব সমাজের সহায়ক বা পিয়ার এডুকেটর এবং স্কুলের শিক্ষক ফ্ল্যাশকার্ডটি ব্যবহার করবেন।

## ফ্ল্যাশকার্ড যাদের জন্য ব্যবহার করা হবে

- ১০ থেকে ১৯ বছর বয়সের কিশোর-কিশোরীদের সাথে শিখন/পিয়ার এডুকেশন পরিচালনা করার জন্য ব্যবহার করা হবে।
- এছাড়াও কৈশোরকালীন প্রজনন স্বাস্থ্য বিষয়ক আলোচনা, দলীয় সভা, স্বাস্থ্য সমাবেশ, প্রশিক্ষণ কর্মসূচি, কৈশোরবান্ধব স্বাস্থ্যকেন্দ্র এবং মা-বাবাদের নিয়ে উঠান বৈঠকে ব্যবহার করা হবে।
- কিশোর-কিশোরীদের যারা বয়সে একটু বড় (১৪ বছর বা তার বেশি), তাদের জন্য নিরাপদ মাতৃত্ব, গর্ভকালীন বিপজ্জনক চিহ্ন, পরিকল্পিত পরিবার ইত্যাদি বিষয়গুলো আলোচনা করতে হবে।

## সহায়কদের জন্য ফ্ল্যাশকার্ড ব্যবহার বিধি

- ব্যবহারের আগে ভালোভাবে পড়ে বিষয়ের উপর স্বচ্ছ ধারণা এবং সংশ্লিষ্ট চিত্র আয়ত্ত করে নিন।
- প্রতিটি আলোচনায় যেদিন যে বিষয়ে আলোচনা করা হবে শুধুমাত্র সেই কার্ডটি সেশনে নিয়ে যাবেন।
- ৮ থেকে ১২ জন সদস্যের দল গঠন করে নিন (প্রয়োজনে ২-৩ জন বাড়ানো যেতে পারে)।
- প্রয়োজন অনুসারে কিশোর-কিশোরীদের আলাদা আলাদাভাবে বসিয়ে সভার কাজ পরিচালনা করা যেতে পারে; এতে অংশগ্রহণকারীগণ আলোচনায় স্বাচ্ছন্দ্যবোধ করবে।
- উপস্থিত সকলকে এক সারিতে U আকারে বসাবেন। যাতে সকলেই সহায়কের কথা শুনতে এবং ছবি দেখতে পায়।
- সভা শুরুর আগে আলোচ্য বিষয়টি উল্লেখ করুন। প্রশ্ন করে জেনে নিন দলের সদস্যদের মনোভাব। বিস্তারিত বলার আগে বিষয়টি কেন নির্বাচন করা হয়েছে তা বলে নিন।
- আলোচনা যথাসম্ভব অংশগ্রহণমূলক হওয়া উচিত, তা না হলে উপস্থিত সকলের ধৈর্যচ্যুতি ঘটতে পারে। আলোচনা সহজ, প্রাণবন্ত ও সংক্ষিপ্ত করুন।
- উপস্থিত সকলকে প্রশ্ন করতে উৎসাহিত করুন।
- সদস্যদের সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করুন।